

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম

বিষয়: বাংলা

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১	গদ্য (গল্প)	‘পড়ে পাওয়া’ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়	<b>কেস- স্টাডি:</b> রিনা ও মলি স্কুলে নতুন বই আনতে গিয়েছে। বই নিয়ে বের হওয়ার সময় তারা স্কুলের মাঠে একটি দামি মোবাইল ফোন পেল। তারা তাদের সহপাঠী রনির সাথে বিষয়টি নিয়ে আলোচনা করে। তারা সিদ্ধান্ত নেয় যে, ফোনের প্রকৃত মালিককে এটি ফেরত দেবে। কোন প্রক্রিয়ার মাধ্যমে তারা প্রকৃত মালিককে ফেরত দিতে পারে, সেই ধাপসমূহের বর্ণনা।	১। ‘পড়ে পাওয়া’ গল্পটি ভালো করে পাঠ করবে এবং গল্পের বাদল, বিধু, সিধু, তিনুৱা সততা ও বুদ্ধিমত্তার দ্বারা যেভাবে বাস্তব প্রকৃত মালিককে ফেরত দিয়েছিল, সেই অভিজ্ঞতার আলোকে এ্যাসাইনমেন্টটি তৈরি করবে।	<b>ক. অতি উত্তম</b> (১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা, ২.তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে সঙ্গতিপূর্ণ ৩. লেখায় লক্ষ্যণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা ৪. সার্থক বাক্যের যথাযথ প্রয়োগ ) <b>খ. উত্তম</b> (১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা, ২.তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে সঙ্গতিপূর্ণ ৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা ৪. সার্থক বাক্য ব্যবহারে ঘাটতি) <b>গ. ভালো</b> (১.বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব, ২.লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে আংশিকভাবে সঙ্গতিপূর্ণ ৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা ৪. সার্থক বাক্য ব্যবহারে ঘাটতি) <b>ঘ. অগ্রগতি প্রয়োজন</b> (১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব, ২.লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে সঙ্গতিপূর্ণ নয়। ৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব ৪. সার্থক বাক্য ব্যবহারে ঘাটতি)